Faced with a dearth of labour caused by a plague epidemic, the Ahmedabad mill-workers had been paying to the workers a bonus as high as 70 to 80 per cent of their wages since August 1917. When in January 1918, mill-owners suddenly stopped the payment of this bonus, the workers put forward a demand of 50 per cent additional allowance. Just back from South Africa, Gandhi happened to come in contact with the mill workers of Ahmedabad when, on their behalf, Anusuyaben Sarabhai, the sister of an influential mill-owner Ambalal Sarabhai, approached Gandhi for guiding them. Gandhi's relations with mill owners were also very cordial. Nevertheless, the mill-owners refused to refer the dispute to arbitration. Under these circumstances,

Gandhi who by this time had come in very close contact with the labouring class and their leaders, advised them to go on strike under three conditions: never to resort to violence; never to depend upon alms; and to remain firm no matter how long the strike continued and to earn their bread during the strike by any other honest labour.

The strike went on for 21 days. In the long-drawn out strike, the mill-owners were agreeable to compromise only if Gandhi promised to keep himself away from the workers for all times in future. Gandhi did not agree to this condition and consequently the mill-owners declared a lockout on 22 February 1918. Under the changed circumstances, Gandhi suddenly, decided to resort to individual fasting in order to maintain the morale of the strikers. He carefully explained that his fast was not intended to put pressure on the mill owners. He wrote, 'The net result of it was that an atmosphere of goodwill was created all around. The hearts of mill owners were touched and they set about discovering some measures for a settlement'. Finally, the compromise solution through arbitration stipulated reduction of the workers' demands by 7½ per cent and increase of the mill owners' offer by 7½ per cent. As a result there was a net increase in workers' wages by 27½ per cent.

Following this principle of arbitration of disputes between labour and capital, the Ahmedabad Mill-owners' Association, in a resolution adopted on 4 April 1920, appointed a permanent Arbitration Board consisting one nominee for each of the two sides. This was regarded as the ideal method of resolving labour-owner disputes as propounded and practiced by Gandhi and approved by the mill-owners. Already the struggle of 1918 and the efforts of Anasuyaben and Gandhi to provide a proper organization to the workers, in consonance with Gandhian ideas and principles of industrial relations and trade unionism, provided the immediate background of the formation of the Textile Labour Association

(TLA) on 25 February 1920.

The formation of TLA was followed by the framing of a detailed constitution. Its main aims, objects and methods had already been spelled out by Gandhi in the seventeen leaflets issued by him during the course of workers' strike of 1918. Apart from reiterating them in his inaugural speech, he emphasized that the purpose of labour unions was not to fight, intimidate or coerce the mill-owners, but to protect the interests of the workers through peaceful and non-violent means as well as on the basis of the philosophy of Sarvodaya, i.e. Gandhian ideas about limitation of wants, possession, trusteeship, human equality, mutual cooperation and well-being. Gandhi personally looked after and guided TLA's work for a number of years. He was a memberof its advisory committee until his death. He was a member of the Board of Arbitration until about 1936 when he resigned owing to his preoccupations with the national movement. Even thereafter, the TLA enjoyed his constant advice and guidance.

The question is, how far was the TLA able to apply Gandhian principles in setting the capital-labour disputes? Its attempts as an organization and the sincerity of its functionaries to live up to Gandhian ideas of industrial relations and trade unionism are unquestionable. Overcoming all sorts of hurdles, they not only all along strove, but also succeeded, in marching to the path outlined by Gandhi. Gandhi himself stated, 'In my knowledge the Ahmedabad Union is the best managed union. This does not mean that it has reached my ideal. It is trying to do so.'

Critics of Gandhi, however, point out that in the face of cutting wages by the mill management in 1923 and again in 1935, the TLA could do little. Already in 1933, the Communists had formed the Ahmedabad Mill Mazdoor Union as an alternative to the class- collaborationist policy of the Gandhian union: In spite of the organization being declared illegal in November 1934, they continued their activities secretly. When the Ahmedabad textile workers struck work in 1935, virtually ignoring the agreement that was entered into by the leaders of the TLA admitting wage cut which Gandhi in a personal letter addressed to the workers called upon to 'accept cheerfully', the Communists came to support the strike actively. In face of the stiff opposition of the owners and the TLA, the strike, however, could not be continued for long. Nevertheless, it was quite clear that the Gandhian magic had begun to wane in the eyes of the Ahmedabad labourers. Then, in the context of the Quit India Movement in August 1942, the Ahmedabad workers again struck work. The TLA supported the movement though they did not officially organize it and the mill-owners' cooperated with the workers. Critics are not very wrong when they remark that the 1942 movement in Ahmedabad was a management-led movement'. Another point of criticism is that Gandhi's unique position and influence was largely responsible for the success of

the TLA.

But it is difficult to agree with this view-point. The TLA was able to sustain its position and success even when Gandhi was almost off the scene since 1937. It is revealed from the personal observation and interviews of some prominent labour leaders of Ahmedabad that, in spite of all its drawbacks and limitations even decades after Gandhi's death, the TLA still enjoys an eminent position in Ahmedabad.

Outside Ahmedabad, trade unions on the same pattern as the TLA came to be formed since the 1930s only in some small industrial centres of western and central India. But its influence never spread to the major industrial centres elsewhere in India like Bombay, Calcutta, Kanpur or Madras, even when some of the principles ofthe TLA, like arbitration, came to be widely appreciated. The main reason for it appears to be that right from the beginning, the labour movement and trade unions elsewhere were directly or indirectly controlled by such politicians or politically-minded labour leaders who wanted to use them for their own political ends. Thus they affiliated these unions to political parties of various shades and denominations. Gandhi, on the other hand, always advocated thattrade unions should shun politics and as early as in 1927 he wrote, 'Labour must not become a pawn in the hands of the politicians on the political chessboard'. But this was exactly what the organized labour became in subsequent decades all over India. Gandhi's ideas on labour and their implementation should not be judged only within the limits of Ahmedabad connotations. The Indian National Congress at its annual sessions in Amritsar (1919), Nagpur (1920) and Gaya (1922) passed resolutions for the first time emphasizing on the organization of labour with a view to improving and promoting their well-being. But from the very beginning Gandhi, in contrast to the radical Congress leaders like C.R. Das, was strongly opposed to the idea that the Indian National Congress should have a direct co-relationship with the working class movement. He was one of the very few Congress leaders who opposed joining the AITUC since its inception in 1920. Up to 1934, the question of any collaboration between the Congress and the AITUC had been strictly ruled out, mainly under Gandhi's influence.

The Non-Cooperation movement (1919-21) provided the indirect psychological background to a militant labour movement in India. It is true that the labour movement or the strike was not a part of the Non-Cooperation programme and the demands of the workers were mainly economic. But one must admit that the workers participated in the nationalist activities and also shouted slogans like 'Gandhi ki Jai', although they did not follow the Gandhian principles in their own movements. During the Non-Cooperation movement, the self-professed Gandhian non-cooperators had an important role among the tea plantation and colliery workers in particular. All the reported strikes in the collieries in Jharia and Ranigunj

during this period took place only in the European collieries. The miners, predominantly recruited from tribals and lower castes, looked upon Darsanananda, a representative of Gandhi as, a God come to earth who will bring blindness, bareness among the women and flooding of pits', unless they followed his advice. Similarly, among tea-garden labourers of Kalimpong in Darjeeling district in Bengal, Dalbahadur Giri, a dismissed government servant and local firebrand Congress leader fomented an agitation in the name of Gandhi and popularized the slogan, "Uproot the tea-plants and grow maize or paddy instead'. In the Dooars and Assam tea gardens, the non-cooperators urged the coolies to spread the rumour to the effect that on a certain date (conveniently shifted from time to time), a terrible storm would destroy all those who had not declared allegiance to Gandhi. The prophesies were consistent with the cosmogonic belief system of the tribals, from whom the plantation labour was drawn. In short, the myth of the Mahatma had a special attraction for tribal tea-garden and colliery workers. Using the name of Gandhi, but not necessarily following his instructions or principles, local leaders led these workers into strikes. But after the failure of the Non-Cooperation movement, the name of Gandhi lost much of its magical appeal.

Even during the Non-Cooperation days, there were few orthodox Gandhian constructive organizers outside Ahmedabad working among industrial labour. And after the termination of the Non-Cooperation movement, there was little connection between Gandhi and labour. The Jamshedpur Labour Association dominated, though not completely monopolized, by the avowed Gandhites since 1938, the Bengal Labour Association, an organization of the Abhoy Ashrama group of ardent Gandhites, in their activities and strategy followed little of Gandhis ideal, although they professed their faith in Gandhian principles. Moreover, the spontaneous participation of the working class in the national movement was never repeated. In the course of the next two nationalist mass upheavals led by Gandhi— the Civil Disobedience movement (1930-2) and the Quit India movement (August 1942)— the industrial labour, by and large, were absent except ina few limited pockets.

The labour policy of the Congress took a turn around the mid- 1930s, more due to the exigencies of electoral politics than any inherent change in Gandhian policy or philosophy. The promulgation of the Government of India Act of 1935, the installation of the Congress ministries in seven out of eleven provinces in 1937, and the resurgence of the labour movement posed new questions before the Congress leadership. As the Congress was composed of diverse political elements and had to accommodate almost contradictory viewpoints, orthodox Gandhians decided to have an exclusive labour organization of their own with a definite ideology propounded by Gandhi. According to a resolution of the Working Committee of the Gandhi Seva Sangha in November 1937, the

organization of the constructive Gandhian workers, a labour sub-committee was established in 1938 with its headquarters at Ahmedabad. The aim of this sub-committee included building up of an effective organization of the industrial workers securing the redressal of their grievances through mutual consultation or failing that, through arbitration. If all the means of peaceful settlement failed, the committee wouldorganize strikes or other forms of suitable agitation, always to be based on truth and non-violence. With effect from March 1939, this labour sub-committee was transformed into the autonomous Hindusthan Mazdoor Sangha. But this organization could make little headway because of the outbreak of World War II in September 1939 and the subsequent large-scale arrest of the Congress leaders in the wake of the 1942 movement. Only after Gandhi's release in May 1944, Congressmen, who by then were set free, turned to such constructive work as was possible for them to undertake in the prevailing circumstances. The organization of the industrial workers proved to be an ideal object in this respect. Gandhi laid down a three-tier plan of action. At one end, the Congress committees would form their labour sub-committees to promote political consciousness among the industrial workers and to enroll them as primary members of the Congress. At the other end, there would be individual Congressmen taking part in the formation and conduct of unions which were to be autonomous bodies without direct subordination to any political organization. Situated between these two ends, the Mazdoor Sevak Sangh, with its provincial and local branches, was to co-ordinate the activities of the Congressmen engaged in labour work and to strengthen the link between the Congress and labour. The Sangh would not directly handle the trade union work, but its members would be permitted to operate within the AITUC. But the assumption that they could perform as an important lobby within the AITUC failed because the latter by that time was practically dominated by the Communists. In this situation, the Congress, on the eve of independence, decided to set up a distinctly separate trade union of its own known as the INTUC in May 1947. The Ahmedabad Textile Labour Association founded by Gandhi himself, which had so long kept aloof from any central trade union organization, now joined and functioned as the main plank of the INTUC on the plea that it subscribed to many Gandhian ideas and principles. But very soon, the INTUC came to be known as the 'sarkari union', run in the interests of the Congress. Within one year of independence, almost every political party set up a trade union branch of its own. The Gandhians, like other political elements, had no small share in the politicalization of labour.

The multiplicity of unions, the inter-union, and subsequently even intra-union, clashes, the unholy alliances between the management and some union leaders against the genuine interest of the workers— all of

these weakened the interests of labour in post-independence India. The pace of industrialization was stalled in some parts of the country due to irresponsible trade unionism. The warnings of Gandhi proved to be prophetic. A new danger began from the late 1980s and early 1990s with the growing impact of globalization, open market economy, computerization and mechanization. A large number of old factories came to be closed, the old type of production-system gradually came to be changed with the introduction of new machines, leading to large-scale retrenchment and certain new types of industries were set up where only highly skilled and trained workers were needed. In the face of all this, the very existence of the traditional working class was at stake and the trade unions had, and have, no readymade solution to offer before the workers.

Under the changing circumstances, the ideals of Gandhi, so long regarded as obsolete and too idealistic, have suddenly become more relevant. The traditional trade unions also are now harping on the theme of unified labour movement and the principle of dissociating labour unions from political parties. Even the Marxist trade unionists are now insisting that the workers should take an active interest in the well-being of the industry. Gandhi had exactly these things in his agenda and thus his ideas have now acquired a new relevance under the changed circumstances. Gandhi might have had little appeal to the working class of yesteryears, but his ideas have received a freshlease of life today.

References :

1. J. B. Kripalani, *Gandhi: His Life and Thought*, New Delhi : Publications Division, Ministry of Information and Broadcasting, 1970, p. 78.
2. S. K. Goel, *Gandhian Perspective on Industrial Relations : A Study of Textile Labour Association*, Allahabad 1918-48, Delhi : Shipra Publications, 2002.
3. J. S. Mathur and A. S. Mathur, eds., *Economic Thought of Mahatma Gandhi*, Allahabad : Chaitanya Publishing House, 1962, p. xlvii.
4. M. K. Gandhi, *Hind Swaraj* or I*ndian Home Ride*, Ahmedabad : Navajivan Publishing House, 1946, pp. 68-70.
5. B. Bhattacharya, *Evolution of the Political Philosophy of Gandhi*, Calcutta: Calcutta Book House, 1969, chap. 8.
6. *Young India*, 28 July 1920 and 23 March 1921, quoted in N. K. Bose, Selections from Gandhi (Ahmedabad, 1957).
7. D. G. Tendulkar, Mahatma: *Life of Mohandas Karamchand Gandhi*, vol. 2, New Delhi: Ministry of Information and Broadcasting, Publications Division, 1961, p. 158.
8. *Young India*, 13 November 1924.
9. *Harijan*, 1 September 1946.
10. Bhattacharya, *Evolution of the Political Philosophy of Gandhi*.
11. Cited in R. N. Bose, *Gandhian Technique and Traditions*, Calcutta : Research Division, All India Institute of Social Welfare, 1956, p. 18.
12. *Young India*, 20 April 1921.
13. *Young India*, 8 January 1925.
14. *Young India*, 7 October 1926.
15. N. K. Bose, *Studies in Gandhism*, Calcutta: Merit Publisher, 1962, p. 51.

16. Ibid.
17. Goel, *Gandhian Perspective on Industrial Relations*, Chap 3.
18. S. Sen, *Working Class of India: History of Emergence and Movement*, 1830-1970, Calcutta : K.P. Bagchi, 1977, p. 153.
19. Bhattacharya, *Evolution of the Political Philosophy of Gandhi*.
20. M. Dandavate, *Marx and Gandhi*, Bombay: Popular Prakashan, 1977, pp. 136-8.
21. K. G. Mashruwala, *Gandhi and Marx*, Ahmedabad : Navajivan Publishing House, 1951.
22. Goel, *Gandhian Perspective on Industrial Relations*, concluding chap.; also see M. K. Gandhi, *An Autobiography* or *The Story of My Experiments with Truth*, Ahmedabad: Navajivan Publishing House, 1948.
23. Gandhi, *An Autobiography*, p. 231.
24. Sen, *Working Class of India*, pp. 153-4.
25. S. Patel, *The Making of Industrial Relations: The Ahmedabad Textile Industry*, 1918-1939, Delhi: Oxford University Press, 1987.
26. Goel, *Gandhian Perspective on Industrial Relations*, op. cit.
27. *Indian Annual Register*, part 3, 1927, p. 118.
28. R. Chatterjee, *Working Class and the Nationalist Movement in India : The Critical Years 1920-24*, Delhi: South Asian Publishers, 1984.
29. G. Ramanujam, *From the Babul Tree: Story of Indian Labour*, Delhi : INTUC Publication, 1967, pp. 14-16
30. R. K. Ray, *'Masses in Politics : The Non Co-operation Movement in Bengal, 1920-22'*, in Indian Economic and Social History Review, vol. 11, no. 4, 1974, pp. 343-410.
31. M. Ghosh, *Our Struggle*, Calcutta; Firma K. L. M, 1973, 2nd edn.
32. N. Basu, *'Gandi Gandhians and Labour : The Bengal Scenario, 1929-47'*, in Rivista Italiana di Studi Sudasiatici, vol. 3, 2008.
33. N. Basu, *The Political Parties and Labour Politics, 1937-47*, Calcutta : Minerva, 1992, pp. 38-9.
34. N. Basu, *'Gandhi and Indian Labour' in Gandhi: Yesterday and Today*, ed. A.Mukherjee, Calcutta : Institute of Historical Studies, 1997

*This paper was presented in the National seminar on Philosophy of Mahatma organized by Asiatic Society, Kolkata on February 12-13, 2019. Some of the arguments presented in this paper have certain similarities with my another paper entitled 'The Labour and the Mahatma : In theory and Practice, 1918-48 included in Quest of the Historian's Craft : Essays in Honour of Professor B. B Chaudhuri Part II : The Polity, Society and Culture edited by Arun Bandopadhyay and Sanjukta DasGupta (Delhi, Manohar, 2018) but the present article specifically emphasizes on the theme of Gandhian philosophy.

মনীষী মওলানা আবুল কামাল আজাদ

রেজাউল করীম

মহাপুরুষ আফগানি সম্বন্ধে একজন লেখক দুঃখ করিয়া বলিয়াছেন যে, অত বড় বিপ্লবী মানুষকে তাঁহার জীবদ্দশায় সমাজ ভাল করিয়া চিনিতে পারে নাই। এমনকি, তাঁহার বিপ্লবী আদর্শ, প্রচণ্ড তেজ, অদম্য সাহস ও মৌলিক চিন্তাধারার সুযোগ দেশ ও সমাজ সম্যকভাবে গ্রহণ করিতে সক্ষম হয় নাই। তাই যাহাদের কল্যাণের জন্য তিনি জীবন উৎসর্গ করিয়াছিলেন, তাহাদের অনেকেই তাঁহাকে এক মুহূর্ত শান্তি দেয় নাই। আরব, মিশর, পারস্য, তুরস্ক প্রভৃতি দেশের রক্ষণশীল নেতাগণ ইউরোপীয় সাম্রাজ্যবাদের চক্রান্তে পড়িয়া তাঁহাকে গৃহ হইতে গৃহান্তরে, দেশ হইতে দেশান্তরে বিতাড়িত করিয়া বেড়াইয়াছেন; নির্বাসন, কারাগার এসবও তাঁহার ভাগ্যে বহুবার হইয়াছে। দেশে-বিদেশে সর্বত্র তাঁহাকে অসহ্য নির্যাতন ভোগ করিতে হইয়াছে। তাঁহার রচিত পুস্তকাবলী বহু দেশে বাজেয়াপ্ত হইয়াছে। কিন্তু তাঁহার প্রজ্জ্বলিত অগ্নিশিখা কেহ নির্বাপিত করিতে পারে নাই। তাঁহার মৃত্যুর বহু যুগ পরে নিকট-প্রাচ্যের প্রত্যেক দেশই বুঝিয়াছে যে, তাঁহার মত সমাজহিতৈষী লোক খুব কমই জন্মিয়াছে। যখন তাহারা তাঁহার বিপ্লবী মনের পরিচয় পাইল, তখন তাহারা তাঁহাকে শ্রদ্ধায় গ্রহণ করিল। কিন্তু তখন তিনি অন্যলোকে চলিয়া গিয়াছেন।



যাহারা একদা জামালউদ্দীনের অমূল্য গ্রন্থরাজী বাজেয়াপ্ত করিয়াছিল, তাহাদেরই উত্তরাধিকারিগণ বহু ব্যয় করিয়া সাদরে সেইসব গ্রন্থ পুনমুর্দ্রিত করিয়াছে। আজ জগতের বহু কেন্দ্রে মহাড়ম্বরে তাঁহার স্মৃতি রক্ষার ব্যবস্থা হইয়াছে। প্রত্যেক দেশেই এইভাবে যুগান্তকারী মনীষীদেরকে প্রথম জীবনে নির্যাতন সহ্য করিতে হইয়াছে এবং পরবর্তীকালে তাঁহারা এইভাবেই সম্মানও পাইয়াছেন। নবযুগের দ্বিতীয় জামালউদ্দীন মওলানা আবুল কালাম আজাদ সম্বন্ধেও এই কথাই বলা চলে। মনীষী আবুল কালাম আজাদ জামালউদ্দীনের মতই সমগ্র জীবন দেশ ও সমাজসেবায় নিয়োজিত করিয়ছিলেন। তাঁহার সমাজসেবা সখের সমাজসেবা নহে। একদল নেতা আছেন, যাঁহারা প্রথম জীবনে চাকুরী-বাকুরী করিয়া, অথবা ব্যবসা-বাণিজ্য করিয়া কোটিপতি, লক্ষপতি হইয়া পরিণত জীবনে সুলভ রাজনীতির ব্যবসা করিয়া দেশ বিদেশে সুনাম অর্জন করেন। মওলানা আজাদের রাজনীতি ও দেশসেবা সে ধরনের নহে। তিনি জানিতেন, দেশসেবার পথ বড়ই বিপদসঙ্কুল; আর জানিয়া শুনিয়া তিনি এই পথই বাছিয়া লইয়াছিলেন। কখনও কাহারও অনুগ্রহের প্রত্যাশী হন নাই, কখনও নেতৃত্বের অভিলাষী হন নাই। দেশ ও সমাজসেবার জন্যই তিনি জীবনকে উৎসর্গ করিয়া দিয়াছিলেন। সেই সুকুমার

বাল্যকাল হইতে অদ্যাবধি একটা সুমহান আদর্শকে অবলম্বন করিয়া তিনি গড়িয়া উঠিয়াছিলেন। সমাজের বিভিন্ন স্তরে যখন রাজনীতি-জ্ঞানের উন্মেষ হয় নাই, তখন সুদক্ষ গুরুর মত তাহাকে রাজনীতি শিক্ষা দিয়াছেন! যখন প্রতিক্রিয়াশীল মতবাদ সমাজের পরতে পরতে প্রবিষ্ট হইয়া তাহার চৈতন্যোৎপাদনে ব্যাঘাত জন্মাইতেছিল, তখন তিনি সমস্ত বিপদ ও দুর্ভোগ স্বীয় স্কন্ধে লইয়া সমাজের মনোবৃত্তির পরিবর্তন করিতে সচেষ্ট হইয়াছিলেন। ইসলামের আদর্শ সম্বন্ধে যখন সমাজের ধারণা অত্যন্ত সঙ্কীর্ণ হইয়া পড়িয়াছিল, তখন মওলানা আজাদ তাঁহার অপূর্ব পাণ্ডিত্য প্রভাবে সমাজের সেই ধারণা দূর করিবার জন্য দিনের পর দিন অক্লান্ত ভাবে লেখনী পরিচালনা করিয়া বহুলাংশে সফলকাম হইয়াছিলেন।

ইউরোপীয় সাম্রাজ্যবাদ যখন বিশ্বকে নানা প্রকার ষড়যন্ত্রের দ্বারা এক এক করিয়া গ্রাস করিতেছিল, তখন এই শাস্ত্রজ্ঞ মওলানা আজাদ—প্রাণের ভয় না করিয়া রাজরোষে পতিত হইবার ভয় না করিয়া—অকুণ্ঠিতচিত্তে জাতির আসন্ন বিপদের কথা প্রকাশ করিয়াছিলেন। আন্তর্জাতিক পরিস্থিতির পটভূমিকা ব্যতীত ভারতীয় সমস্যার আলোচনা করা চলে না, এই মহা সত্য তিনি বহু পূর্বে দেশবাসীর নিকট নিবেদন করিয়াছিলেন। ত্রিপলী যুদ্ধ ও বল্‌কান যুদ্ধের সময় তিনি সমাজকে এক নূতন তথ্যের সন্ধান দিলেন। তিনি দেখাইলেন যে, ভারতের স্বাধীনতা ব্যতীত নিকট-প্রাচ্যের কোন মুসলমান প্রধান দেশ নিরাপদ নহে। বিগত মহাসমরের পর তাঁহার এই কথার সার্থকতা পরিষ্কারভাবে বুঝা গেল। খিলাফত যখন বিপন্ন, মিত্রপক্ষীয় শক্তিবর্গ তখন গোপনে সমগ্র তুর্কি সাম্রাজ্যকে নিজেদের মধ্যে ভাগ-বাঁটোয়ারা করিবার জন্য হীনতম ষড়যন্ত্র করিতেছিল, তখন আর

কেহ নহে—এই মওলানা আজাদই ভারতীয় মুসলমানকে তাহার আশু বিপদের সঙ্কেতধ্বনি দিতে এতটুকুও কুণ্ঠিত হন নাই। আজ যখন সাম্রাজ্যবাদের ভেদনীতির কুপ্রভাবে ভারতবাসীর মধ্যে দাস-মনোভাব বিষের মত ক্রিয়া করিতেছে, তখনও মওলানা আজাদ সুদক্ষ চিকিৎসকের মত সেই প্রাণান্তক বিষের প্রভাব হইতে ভারতবাসীকে রক্ষা করিবার জন্য আপ্রাণ চেষ্টা করিতেছিলেন। সঠিক পথের নির্দেশ দিবার জন্য তিনি যে পতাকা হাতে লইয়াছিলেন, জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত তাহা অবনমিত করেন নাই। কত ঝড় আসিয়াছে, কত বিপদের সম্মুখীন হইয়াছেন, কত নির্যাতন সহ্য করিয়াছেন—কিন্তু মওলানা আজাদ এক চুলও নিজের আদর্শ ও পথ হইতে বিচ্যুত হন নাই। এই একটি মানুষ—যিনি সংগ্রাম ব্যতীত আর কিছুই জানেন না, যিনি নিজের ব্যক্তিগত সুখের দিকে কখনও দৃকপাত

করেন নাই—নিজের বলিতে যাঁহার কিছুই নাই,—এই লোক যে কোন দেশের ও যে কোন জাতির শ্রদ্ধা ও গৌরবের আস্পদ। এমন একান্তভাবে দেশ ও সমাজসেবার দ্বিতীয় উদাহরণ সম্ভবত আর নাই। কিন্তু এহেন মনীষীর ভাগ্যে জামালউদ্দীনের মতই জুটিয়াছে শুধু লাঞ্ছনা ও নির্যাতন। একদিকে সরকারের রুদ্র নীতি, আর একদিকে সমাজের লাঞ্ছনা—এই দুই দিকের চাপ তাঁহাকে রুদ্ধশ্বাস করিতে চাহিয়াছিল। কিন্তু প্রদীপ্ত সত্যকে কেহ নির্বাপিত করিতে পারে নাই। তাঁহার চির বিদ্রোহী অন্তর সরকারকে শশব্যস্ত করিয়া রাখিয়াছিল। স্বাধীনতা সংগ্রামের এই বীর পুরোহিতকে বহুবার কারাবরণ করিতে হইয়াছিল। আর বিপ্লবাত্মক ভাবধারা প্রচারের জন্য এবং সমাজের গতানুগতিকার মূলে আঘাত করার জন্য তাঁহাকে সমাজের তরফ হইতে নিন্দাগ্লানি কম সহ্য করিতে হয় নাই।

রাজনৈতিক সভামঞ্চে মওলানা আজাদের বক্তৃতা শুনিলে মনে হয়, এমন তেজ—এমন সূক্ষ্ম সমালোচনা—এমন সুগভীর জ্ঞান বুঝি আর কোথায়ও নাই। আবার ধর্মসভায় তাঁহার বক্তৃতা শুনিলে মনে হয়, ইসলামের এমন উদার ও মহান ব্যাখ্যাও যেন কোথাও শুনি নাই। কি গভীর শাস্ত্রজ্ঞান, রাজনীতির কি অন্তর্ভেদী সমালোচনা, ইসলামের প্রতি কি অকৃত্রিম অনুরাগ। এই একটি লোক যাহাকে ইউরোপীয় সাম্রাজ্যবাদ কখনও বিভ্রান্ত করিতে পারে নাই, ক্ষণিক সুখ সুবিধার মোহ কখনও যাহাকে কর্তব্যচ্যুত করিতে পারে নাই। তিনি নিন্দা, গ্লানি, অত্যাচার, নির্যাতন—সবই সহ্য করিয়াছিলেন; কিন্তু যাহা সত্য বলিয়া জানেন তাহা হইতে কখনও স্খলিত হন নাই। গড্ডালিকা স্রোতে ভাসিয়া গেলে তাঁহার ব্যক্তিগত জীবন কত সুখকর হইত, ঐহিক বিষয়ে তিনি কত লাভবান হইতেন! কিন্তু কোনদিন তিনি নিজের আদর্শের ও বিবেকের বিরুদ্ধে যান নাই। কাজেই, একথা নিঃসন্দেহে বলা যায় যে, মুসলমান সমাজ আবুল কালাম আজাদের মত একজন সত্যের চির উপাসক ও আদর্শের একনিষ্ঠ সেবককে তাঁহাদের মধ্যে পাইয়াছেন। যে যুগের ধর্মান্ধতা সমাজকে পাইয়া বসিয়াছিল, যে যুগে সমাজ মেকি ও নকল বস্তুর মোহে সাম্রাজ্যবাদের কৃতদাস হইয়া পড়িয়াছিল এবং সম্রাজ্যবাদের পদতলে আত্ম-বিক্রয় করিয়াছিল, সেই যুগে সেই সমাজের মধ্যে আবুল কালামের মত মনীষী উদ্ভূত হইয়া তাঁহাদের সম্মুখে একটা মহান আদর্শ তুলিয়া ধরিয়াছিলেন; তাঁহাদেরকে দেখাইয়াছিলেন যে, গতানুগতিকতার পথে সমাজের মঙ্গল নাই—তাঁহাদেরকে এমন একটা পথের নির্দেশ দিয়াছিলেন যাহা প্রত্যেক যুগের বিপ্লবী ও দূরদর্শনী নেতারা দিয়া থাকেন। তখন হয়ত আমাদের উত্তরাধিকারিগণ এ যুগের সমাজকে এই বলিয়া ধিক্কার দিতে থাকিবে যে, ইহারা এতই মোহাচ্ছন্ন হইয়া পড়িয়াছিল যে, তাঁহারা মওলানা আবুল কালামকে চিনিতে পারেন নাই। আজ জামালউদ্দীন সর্বত্র সে সম্মান পাইবেন। যেদিক দিয়াই দেখি না কেন, মওলানা আজাদ একজন যুগ-প্রবর্তক মনীষী, বিংশ শতাব্দীর 'মোজাদ্‌দেদ'।

রাজনৈতিক জীবনে বহু নেতা বহু ডিগ্‌বাজি খাইয়া থাকেন; তাঁহাদের প্রথম জীবনের নীতি ও আদর্শের সহিত শেষ জীবনের নীতি ও আদর্শের কোনওরূপ সামঞ্জস্য থাকে না; তাঁহারা শেষ জীবনে সম্পূর্ণ বিপরীত পন্থা অবলম্বন করেন। মিঃ র‍্যামজে ম্যাকডোনাল্‌ড প্রথম জীবনে ছিলেন শ্রমিক দলের নেতা, পরে হইয়া পড়িলেন রক্ষণশীল দলের প্রধান পৃষ্ঠপোষক। স্যর সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, মিঃ বিপিনচন্দ্র পাল, শ্রীবারীন্দ্রকুমার ঘোষ প্রমুখ নেতাগণ কোথা হইতে কোথায় গিয়া পড়িয়াছেন তাহা

সকলেই অবগত আছেন। কিন্তু ইহার কারণ কি? ব্যক্তিগত স্বার্থ ইহার মূল কারণ নয়। ইহার মূল কারণ দূরদর্শিতার অভাব। তাঁহারা প্রথম জীবনে ক্ষুদ্র সীমার মধ্যে কাজ করিয়া অনাগত যুগের বিরাট পরিবর্তনের ও যুগান্তকারী বিপ্লবের কথা ভাবিতে পারেন নাই। তাঁহারা একটু অগ্রসর হইয়াই মনে করিয়াছিলেন—উহাই বুঝি প্রগতির চরম বিকাশ, উহা অপেক্ষা আর এক পা অগ্রসর হওয়া চলে না। নিজেদের পরিকল্পিত আদর্শকে তাঁহারা চরম আদর্শ বলিয়া বিবেচনা করিয়াছিলেন। অন্য কাহাকে আর একটু অগ্রসর হইতে দেখিলে তাঁহারা ভয়ে অস্থির হইয়া পড়িতেন। এত দিনের সব সাধনা বুঝি পণ্ড হইয়া যাইবে। কিন্তু যাঁহারা সত্যিকারের বিপ্লবী, তাঁহারা এরূপ করেন না। তাঁহারা সব সময়ই অনাগত যুগের বিপ্লব, আড়োলন ও পরিবর্তনের কথা ভাবিয়া থাকেন। সেইজন্য তাঁহারা যেখানে দাঁড়াইয়া কার্য্য আরম্ভ করেন, সেইখানেই স্থির হইয়া থাকেন না। যুগের প্রয়োজনমত প্রগতির আদর্শ ও সীমা বৃদ্ধির সঙ্গে সঙ্গে নিজেরাও সেই তালে তালে অগ্রসর হন। সেই জন্য তাঁহারা কোন যুগেই সে-কেলে ও রক্ষণশীল হইয়া থাকেন না। প্রাচীনত্বের দোহাই দিয়া কোন কর্মপন্থাকে পবিত্র ও অলঙ্ঘনীয় বলিয়া তাঁহারা মনে করেন না। তাঁহারা জানেন যে, রাজনীতিতে অলঙ্ঘ্য ও পবিত্র (সাক্রোসেন্ট) বলিয়া কোন বস্তু নাই। ক্রমবর্ধমান জন-জাগরণের সহিত রাজনীতিক আদর্শ, অধিকার ও কর্মপন্থার সীমা পরিবর্তন হয়। তাই তাঁহারা প্রত্যেক যুগে প্রত্যেক পরিবর্তন ও বিপ্লবের মধ্যেও অনাগত ভবিষ্যতের পানে চাহিয়া থাকেন। ভাবটা এইরূপ, আরও বিপ্লব আসিবে, তাহাও সহ্য করিতে হইবে। তাঁহাদের প্রত্যেক কর্মপন্থায় ভবিষ্যতের বিপ্লবের ইঙ্গিত থাকিয়া যায়। তাঁহারা চির নবীন ও চির সজীব। মওলানা আবুল কালাম আজাদ এই ধরনের মনীষী, এই ধরনের বিপ্লবী।

প্রগতির মরীচিকা

জহর সেন

এক

প্রগতি, প্রগতির পথে, প্রগতিশীল এসব শব্দ আমরা নিত্যই ব্যবহার করি। শব্দগুলি সবসময় অগ্রগতির সূচক তা কিন্তু নয়। প্রগতিশীল শব্দটির বিপরীত অর্থে ব্যবহার করা হয় প্রতিক্রিয়াশীল বা রক্ষণশীল। এটাও যুক্তিসংগত নয়। প্রগতিশীল ও প্রতিক্রিয়াশীল, এ দু-এর মাঝখানে বিস্তীর্ণ ধূসর এলাকা আছে। অজস্র মানুষ আছেন, যারা না প্রগতিশীল, না প্রতিক্রিয়াশীল। এই দুইটি শব্দের সঙ্গে রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক ব্যঞ্জনা যুক্ত হয়ে গেছে।

প্রগতির (progress অর্থে) ধারণা মূলত পশ্চিমি সভ্যতার অঙ্গ। প্রাচ্যের জীবনদর্শনে প্রগতি অনুপস্থিত। আত্মজ্ঞান ও আত্মোপলব্ধি প্রাচ্যদর্শনের সারসত্য। পশ্চিমি ধারণা হিসাবে প্রগতি যৌথ জনজীবনের অঙ্গীভূত। প্রাত্যহিক যৌথ জনজীবনে প্রগতির প্রকাশ। বাস্তব জীবনে তা স্পষ্ট। সম্ভাবনা রূপেও তা প্রকাশপ্রবণ। অতীতের নগরায়ণের সঙ্গে বর্তমান নগরায়ণের যখন তুলনা করি প্রগতির বর্ণনাত্মক দিকটাই তখন আমাদের মুখ্য আলোচ্য বিষয়। নগরায়ণ উন্নতিমুখী এবং সর্বাঙ্গীন উৎকর্ষ সাধনে সক্ষম। এই ধরণের বক্তব্যে প্রকাশিত হয় বিচারমূলক প্রবণতা। প্রগতির সঙ্গে যুক্ত হয়েছে এক ধরণের প্রশ্নাতীত বিশ্বাস। বিশ্বাসটা হল প্রগতিমুখী পরিবর্তনের প্রক্রিয়ার মধ্যেই নিহিত আছে উৎকর্ষমুখী প্রবণতা। এই প্রবণতা ভবিষ্যতেও স্থায়িত্ব পাবে। এই ধরণের বোধ থেকেই জন্ম নিয়েছে প্রগতির প্রতি অচলা ভক্তি। এযুগের মানুষ এক ধরণের সুদৃঢ় অঙ্গীকারে আবদ্ধ। তা হল যাবতীয় মানবিক প্রচেষ্টার কাম্য লক্ষ্যই হবে প্রগতিমুখী। প্রগতি অলঙ্ঘ্য নিয়ম। প্রগতি কাঙ্ক্ষিত আদর্শ। এ দু-এর সুসমঞ্জস সমন্বয়ের প্রতি এযুগের মানুষের আস্থা অটুট।

এযুগে প্রগতি ও প্রযুক্তিকে সমার্থক মনে করা হয়। এর অর্থ হল মানুষের বস্তুগত কল্যাণ এবং বিশ্ব অর্থনীতিতে উৎপাদন ক্ষমতার ঊর্ধ্বমুখী সম্প্রসারণ। প্রগতি, প্রযুক্তি ও বিশ্ব অর্থনীতিতে উৎপাদনক্ষমতা, এই সব কিছুই ঊর্ধ্বগামী। কিন্তু প্রশ্ন জাগে, পূর্বের চেয়ে সাধারণভাবে মানুষ কি অধিক সুনীতি পরায়ণ ও প্রাজ্ঞ হয়েছে। আরও সহজভাবে বলতে গেলে সুনীতি ও প্রজ্ঞায় মানুষ কি আগের চেয়ে এখন অনেক বেশি ঊর্ধ্বচারী?

দুই

প্রকৃতি বিজ্ঞান সম্পর্কে মানুষ এখন অনেক কিছু জানে। কিন্তু তুলনামূলক বিচারে মনোজগত, সমাজ ও ইতিহাস সম্পর্কে অনেক কিছুই তার অজানা। যে পদ্ধতি ও প্রক্রিয়ায় প্রাকৃতিক বিজ্ঞানের রহস্য উদ্‌ঘাটন সম্ভব, ঠিক সেইভাবে মনোজগত, সমাজ ও ইতিহাসের গতিপ্রকৃতি নির্ণয় সম্ভব নয়। প্রতি প্রজন্মে বিজ্ঞানকে মানুষ পায় উত্তরাধিকারসূত্রে। পরীক্ষাগারে পরীক্ষিত সিদ্ধান্ত প্রজন্মান্তরে জ্ঞানভাণ্ডারে সঞ্চিত হয়। কিন্তু প্রতি প্রজন্মে মানববিদ্যা গড়ে ওঠে সেই প্রজন্মের যোগ্যতা ও সাধনা অনুযায়ী। বিজ্ঞান ও প্রযুক্তির প্রগতির মতো সুনীতির প্রগতিও কি পরস্পরালব্ধ উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত যৌথ সংযোজন? প্রজন্মান্তরে স্থায়ী সাধনার যোগফলে মানুষের চিত্তের উৎকর্ষ বাড়ছে কি?

পিলগ্রিমস্ প্রোগ্রেস গ্রন্থে প্রগ্রেস বা প্রগতি অর্থে আত্মার মুক্তির কথা বলা হয়েছে। নিয়ত অনুশীলনের ফলেই জাগ্রত ও পরিপুষ্টি হয় ব্যক্তিমানুষের সুনীতিবোধ, সুমতি, সততা, ন্যায়পরায়ণতা এবং সদাচার। এখানে ব্যক্তিমানুষের আত্মার মুক্তি ও

মনস্তাত্ত্বিক উৎকর্ষের কথা বলা হচ্ছে। এই ধরণের মুক্তি বা উৎকর্ষ বা প্রগতি যৌথ মানবগোষ্ঠী বা সমগ্র মানবজাতির প্রতি কি প্রযোজ্য? সমগ্র মানবজাতির মানসিক উৎকর্ষের জন্য শিক্ষাপ্রকল্প কি আদৌ বাস্তবে সম্ভব? ব্যক্তি মানুষের অস্তিত্ব আছে। আছে মানে being। সে ন্যায়পরায়ণ হয়ে ওঠে। হয়ে-ওঠাকে বলে becoming। ব্যক্তি যেমন হয়ে ওঠে যৌথ জনজীবন কি ঠিক সেইভাবে গড়ে ওঠে বা হয়ে ওঠে? ব্যক্তির গড়ে ওঠার সঙ্গে ঐতিহাসিক বিবর্তনে গঠিত সমাজের হয়ে-ওঠার তুলনামূলক বিচার চলে না। মোহনদাস গান্ধী হয়ে উঠেছিলেন মহাত্মা গান্ধী। সমসাময়িক ভারতীয় সমাজ কি ঠিক অনুরূপভাবে বিবর্তিত হয়েছিল বা গড়ে উঠেছিল?

তিন

ঐতিহাসিক দৃষ্টিতে প্রগতির গতিপ্রকৃতি আমরা বিচার বিশ্লেষণ করে থাকি সাধারণত কয়েকটি নির্দিষ্ট নির্বাচিত ক্ষেত্রে। যথা, ১. সভ্যতা, ২. বিজ্ঞান ও প্রযুক্তি, ৩. সামাজিক, অর্থনৈতিক এবং রাজনৈতিক ব্যবস্থা, ৪. জীবনের নিরাপত্তা ও সুখান্বেষণ, ৫. জীবনধারণের জন্য প্রয়োজনের আয়োজন এবং তা উপভোগের ধরনধারণ, ৬. আইনের শাসন ও আইনের উন্নত মান, ৭. মনুষ্যত্বের প্রতি সাধারণ মানুষের শ্রদ্ধাবোধ, ৮. যৌথভাবে একত্রে বসবাস করার অভিজ্ঞতা।

এইসব ক্ষেত্রে প্রগতিকে আমরা আরোহণ বা উত্তরণ (ascent) হিসাবে চিহ্নিত করে থাকি। এর জন্য কিছু অসামান্য মূল্য দিতে হয়। বিজ্ঞানের অগ্রগতির জন্য যে মূল্য দিতে হয়, তাকে বলে বিশেষায়ন (specialisation)। বিশেষায়নের ফল হল খণ্ডিত জ্ঞান। প্রগতির ফলে জ্ঞানের ভাণ্ডারে নতুন জ্ঞান হল সঞ্চিত। কিন্তু সে ক্ষেত্রে বিশেষজ্ঞ বিজ্ঞানীর দান হল ক্ষুদ্রাতিক্ষুদ্র অংশে সংকুচিত।

সাধারণ মানুষের সঙ্গে বিজ্ঞান ও বিজ্ঞানীর ব্যবধান হয়ে পড়ে দুস্তর। এর কুফল হিসাবে জন্ম নেয় ও ছড়িয়ে পড়ে কপট বিজ্ঞান এবং কুসংস্কার। তা সত্ত্বেও সারকথা হল অনুসন্ধানের সাধনা বিজ্ঞানীকে সমৃদ্ধ করে। সাধনার অভাবে সত্য হয় বিকলাঙ্গ।

মানুষের জীবনের রীতিনীতি আচার আচরণকে যথেষ্ট প্রভাবিত করে প্রযুক্তি। বিশ্বপ্রকৃতির উপরও প্রকৃতির প্রভাব অশেষ। প্রযুক্তির অগ্রগতির সঙ্গে মূল্যবোধ বিচারের কোনও সম্পর্ক নেই। পারমাণবিক বোমার চেয়ে হাইড্রোজেন বোমার বিধ্বংসী শক্তি অনেক বেশি। এর অর্থে প্রযুক্তিক অগ্রগতি হয়েছে। আমাদের একটা মৌল জিজ্ঞাসা হল : বিজ্ঞান ও প্রযুক্তির অগ্রগতির ফলে মানুষের নৈতিক উৎকর্ষ কি সম্ভব হয়েছে?

চার

প্রযুক্তির প্রগতিকে বিচার করা হয়, তার ফলাফলের মাপকাঠিতে। ফলাফল মানুষের প্রয়োজনে আসে। কিছুকিছু ফলাফল সুনীতির পরিপোষক। কিছু কিছু সুনীতির সংহারক। ভালোমন্দের হিসাবনিকাশ খুবই কঠিন। রাজনৈতিক ও সামাজিক প্রতিষ্ঠানগুলি কি সুনীতির পরিপোষক? স্বেচ্ছাতন্ত্র সুনীতির সংহারক। একটি ব্যবস্থা (system) হয়তো ভালো। এ কারণে ওই ব্যবস্থার অন্তর্গত মানুষও যে ভালো হবে, তা সুনিশ্চিত নয়। প্লেটো এমন একটি সমাজব্যবস্থার সন্ধান করেছিলেন, যেখানে সক্রেটিসকে ওইভাবে প্রাণ দিতে হবে না। আমরাও ভাবি গান্ধীজির আত্মবলিদান কি অনিবার্য ছিল?

নিরঙ্কুশ স্বেচ্ছাতন্ত্রে শাসকশ্রেণি নির্বিচার অত্যাচার উৎপীড়নের পাপে লিপ্ত। সাধারণ মানুষের মধ্যে তারা প্রত্যাশা করে এবং উৎসাহিত করে কাপুরুষতা, শঠতা, মোসাহেবি, বন্ধুজনের প্রতি বিশ্বাসঘাতকতা, নির্মম ঔদাসীন্য এবং ভীতসন্ত্রস্ত অবসাদ। স্বৈরাচারী ব্যবস্থায় পুরস্কৃত হয় কপট দুরাচারী মানুষ। নিগৃহীত হয় অকপট সদাচারী সদাত্মা। এই পরিপ্রেক্ষিতে গান্ধীর মতো সত্যব্রতে সিদ্ধ মানুষের আত্মবলিদান আমাদের সত্যাগ্রহে অনুপ্রাণিত করে।

সক্রেটিস বলেছিলেন, অন্যায়কারী প্রথমে নিজের ক্ষতি করে। কারণ তার আত্মা নিম্নগামী। একথা শোষকশ্রেণির পক্ষেও প্রযোজ্য।

স্বেচ্ছাপ্রণোদিত হয়ে একজন শোষণ নাও করতে পারে। এমন হতেই পারে তার শ্রেণিগত অবস্থান তাকে

শোষকে পরিণত করেছে। মন্দ রাজনৈতিক ও অর্থনৈতিক ব্যবস্থা ব্যক্তির নীতিনিষ্ঠ জীবন বিকাশের পক্ষে প্রতিবন্ধক।

পাঁচ

ম্যাকিয়াভেলির পর থেকে রাষ্ট্র সম্পর্কে একটি ধ্রুপদী ধারণা গড়ে উঠেছিল। রাষ্ট্র সুনীতিচালিত এবং সুনীতি বিধায়ক প্রতিষ্ঠান। আধুনিক রাজনৈতিক চিন্তাভাবনায় এই ধারণা বাতিল হয়ে গেছে। প্রাধান্য পেয়েছে এক নতুন ধরণের রাজনৈতিক চিন্তাভাবনা। নতুন ভাবনায় রাষ্ট্র প্রকৃতপক্ষে উপযোগিতাবাদী (utilitaerian) প্রতিষ্ঠান। ব্যক্তির নিরাপত্তা রক্ষা করবে রাষ্ট্র। কিন্তু ব্যক্তি জীবনের কাজকর্মের বিভিন্ন ক্ষেত্রে যতদূর সম্ভব কম হস্তক্ষেপ করবে। এই ধরণের রাষ্ট্রিক ভাবনায় প্রাধান্য পেয়েছে ব্যক্তির অধিকার। কিন্তু ব্যক্তির দায়দায়িত্ব অনুরূপ প্রাধান্য পায়নি। সমাজতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থায় মূল লক্ষ্য হল রাষ্ট্রের যূপকাষ্ঠে ব্যক্তির বলিদান। ব্যক্তি বিকশিত হবে রাষ্ট্রিক মতাদর্শের ছাঁচে।

ছয়

শুধুমাত্র স্বাধীনতাকামী রাষ্ট্র ব্যবস্থার অনুকূল পরিবেশেই সম্ভব ব্যক্তিস্বাধীনতার সুরক্ষা। স্বাধীনতা এক ধরণের ঝুঁকি। স্বাধীনতার ঝুঁকির মধ্যেই মানুষের বিচারবুদ্ধির প্রকাশ। আপন বিচারবুদ্ধি মতো পথ চলা মানব চরিত্রের একটি স্বতোৎসারিত সৎগুণ। নিরাপত্তার খোঁজে অধিকাংশ মানুষ জীবনযাপন করে। কিন্তু স্বাধীনতাপ্রিয় জীবন অনেক বেশি কাম্য। স্বাধীনতা সম্প্রসারণের মাধ্যমেই ঘটে প্রগতির ব্যাপ্তি। প্রগতির ব্যাপ্তি কিছু প্রয়োজনীয় শর্ত-সাপেক্ষ। শর্তাবলী এখানে উল্লেখ করছি।

১. স্বাধীনতাবর্ধক ব্যবস্থা স্বাধীনতাহীন ব্যবস্থার চেয়ে শ্রেয়।

২. স্বেচ্ছাচারী শাসন নয়, আইনের শাসনই কাম্য।

৩. অসাম্যের চেয়ে শ্রেয় আইনের দৃষ্টিতে সাম্য।

৪. কর্মসংস্থানের ক্ষেত্রে মেধার ভিত্তিতে যোগ্যতা বিচার সুবিধাভোগী শ্রেণির বিশেষ অধিকার থেকে শ্রেয়।

৫. শাসককুলের কাছে চিরদিনের জন্য আত্মনিবেদনের চেয়ে অনেক বেশি কাম্য হল স্বক্ষেত্রে আত্মনিয়ন্ত্রণ ও জনহিতকর কাজে আত্মনিবেদন।

৬. যৌথ সমরূপ (homogenety) নয়, ব্যক্তি মানুষের বৈচিত্র্য ও বহুবচনই হল আদর্শ সমাজব্যবস্থার ভিত্তি।

৭. চাপের প্রভাব সব কিছু মেনে নেওয়া সুস্থ সমাজের লক্ষণ নয়। অন্যের প্রতি সহিষ্ণুতাই হল সমাজসংহতির সুদৃঢ় স্তম্ভ।

এইটি ওইটির চেয়ে ভালো। আমাদের দৃষ্টিতে এর অর্থ হল এইটি ওইটির চেয়ে সুনীতির মাপকাঠিতে শ্রেষ্ঠ। ওইটি হয়ত অংশ এবং সামগ্রিকভাবে সুগম। কিন্তু সুনীতিনিষ্ঠ নয়। এইটির ভিত্তি যদি সুনীতি হয়, তাহলে এইটিকেই মানবো। দক্ষ না হলেও মানবো।

প্রশ্ন এই নয় যে এখন পর্যন্ত মানুষের পক্ষে আরও কত কিছু করা সম্ভব। প্রকৃত প্রশ্ন হল : মানুষ যা করতে পারে তার কতটুকু প্রকৃতি সইতে পারে? প্রকৃতিরও সহ্য মাত্রা সীমাহীন নয়।

আরও দক্ষ হও, সুনিপুণ হও। এইটিই কিন্তু সুনীতির প্রবচন নয়। শক্ত ভাষায় সুনীতি তোমাকে শোনাবে : আরও হৃদয়বান হও, দায়িত্বশীল হও। দায়িত্ব পালনে আশার আনন্দ আছে। আশাভঙ্গের মনস্তাপও আছে। দায়িত্ববোধের মধ্যে অভয় আছে। আশঙ্কাও আছে। মানুষের প্রতি অটুট শ্রদ্ধাই হল দায়িত্ববোধের সারবস্তু।

Nā main dharmi, nāhi adharmi...

I am not religious, I am not irreligious,
Neither a monk nor a lecher,
I neither babble, nor listen,
Neither a master nor a slave am I,
Neither bound, nor free,
Neither non-attached nor attached,
Neither aloof nor involved,
Neither do I go to hell,
Nor do I go to heaven,
All action is my doing
And yet I am beyond all action—
Such a faith is rare indeed,
One who has it is steadfast.
Kabir neither founds a faith
Nor destroys it.

(*Kabir*, Tagore, p.85)

Gandhi Smarak Sangrahalaya
14, Riverside Road, Barrackpore, Kolkata-700120
website : www.gandhimuseum.in ◆ e-mail : gandhimuseum.120@gmail.com
Editor : ***Professor Jahar Sen***
Published and Printed by **Dr. Pratik Ghosh**, Director-Secretary, Gandhi Smarak Sangrahalaya
Barrackpore, Kolkata-700 120 and Printed from Indian Art Concern, Kolkata
Subscription : ₹ 20.00